নম্বর 202.44

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, কাজেই, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a সেকশন দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্বের বলে, নিম্নোক্ত আইনের ধারা 21 জুলাই, 2020 পর্যন্ত রহিত অথবা সাময়িক সময়ের জন্য সংশোধন করলাম:

- রিয়েল প্রপার্টি ট্যাক্স আইনের অনুচ্ছেদ 5, অস্থায়ী এবং চূড়ান্ত রিয়েল প্রপার্টি ট্যাক্স অ্যাসেসমেন্ট রোল দাখিল করার জন্য 30 দিন পর্যন্ত সময় অনুমোদন দিয়েছে; আর অস্থায়ী তালিকা দাখিলের 21 দিন পর কর মূল্যায়ন ইউনিটের জন্য হিয়ারিং অ্যাসেসমেন্ট অভিযোগের জন্য অনুমোদন দেওয়া হয়েছে; এছাড়া ঐ অনুচ্ছেদে অস্থায়ী রোল ফাইলিং এর বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশ করা এবং অস্থায়ী রোল ইন- পার্সন অনুসন্ধান স্থগিত করার অনুমতি দেওয়া হয়েছে; এবং অ্যাসেসমেন্ট রিভিউ বোর্ডকে দূর থেকে অভিযোগ শোনার অনুমতি দেওয়া হয়েছে।
- রিয়েল প্রপার্টি ট্যাক্স আইন § 1212 অনুযায়ী, কর ও অর্থ বিভাগের কমিশনারকে চূড়ান্ত রাষ্ট্রীয় সমীকরণহার, শ্রেণি অনুপাত এবং শ্রেণি সমীকরণের হার অনুমোদন করার অনুমতি দেওয়া হয়েছে যা আইন দ্বারা নির্ধারিত সময়ের 10 দিন পূর্বে ছাড়া এর পরে করা যাবে না।
- শিক্ষা আইন § 680 অনুযায়ী, লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্টদের অ্যান্টিবডি টেস্ট করার জন্য COVID পরীক্ষা বা পরীক্ষা পরিচালনা করার অনুমতি দেওয়া হয়েছে।
- জনস্বাস্থ্য আইন § 571(6) অনুযায়ী, লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্টদের যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্যসেবা পেশাদার হিসেবে মনোনীত করার অনুমতি দেওয়া হয়েছে যাতে তারা COVID বা এর অ্যান্টিবডি টেস্টের জন্য রোগীদের পরীক্ষা করতে একটি সীমিত সার্ভিস ল্যাবরেটরি পরিচালনা করতে পারে।
- 10 NYCRR 401.3(a), (e), 709, 710, 710.1 বা অন্য যেকোনো প্রযোজ্য নিয়ম অনুযায়ী, স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) লাইসেন্সপ্রাপ্ত জন্মকেন্দ্র এবং কেন্দ্র দ্বারা পরিচালিত নিবেদিত জন্ম দেওয়ার স্থানগুলোকে অনুমোদন এবং সার্টিফিকেট প্রদান করতে পারবে।
- 15 সেপ্টেম্বর, 2020 তারিখে অনুষ্ঠিতব্য যেকোনো গ্রামের নির্বাচন পরিচালনার ব্যাপারে নির্বাচনী আইনের অনুচ্ছেদ 6 এবং 15 সাপেক্ষে এই প্রশাসনিক নির্দেশ এবং শহরের আইনের

অনুচ্ছেদ 6 অনুযায়ী সাময়িকভাবে স্থগিত এবং অন্যকোনোভাবে নিম্নোক্ত অনুসারে সংশোধন করা হলো:

- মার্চ, এপ্রিল, মে বা জুনে হবে বলে পূর্ব নির্ধারিত যেকোনো গ্রাম বা শহরের নির্বাচন 15 সেপ্টেম্বর, 2020-তে হবে। যে গ্রাম বা শহরের নির্বাচনগুলি এই কার্যনির্বাহী আদেশের নির্দেশ অনুযায়ী 15 সেপ্টেম্বর 2020 হবে বলে নির্ধারিত, সেগুলির জন্য সমস্ত পার্টির নমিনেশন পার্টির ককাস বা সমিতিকে করতে হবে, যা এই পার্টির প্রধানের ঘোষণা অনুযায়ী দূরবর্তী স্থান থেকে করা যেতে পারে এবং যেটি 20, আগস্ট, 2020 তারিখের মধ্যে করতে হবে এবং এই ধরনের সমিতির থেকে পাওয়া নমিনেশনের সনদপত্র ও বিধিবৎ অস্বীকার বা স্বীকৃতির সনদপত্র 22 আগস্ট, 2020 তারিখের পরে দাখিল করা যাবে না এবং বিধিবৎ অস্বীকারের সনদপত্র একবার জমা দেওয়া হয়ে গেলে কোনো বিকল্প ব্যক্তিকে অনুমতি দেওয়া হবে না।
- ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশ দ্বারা নির্ধারিত প্রক্রিয়া সাপেক্ষে, সেপ্টেম্বর 2020-র আগে পূর্বনির্ধারিত একটি গ্রাম বা শহরের নির্বাচনের জন্য যে সমস্ত স্বতন্ত্র নমিনেশন, এখন 15 সেপ্টেম্বর 2020 অনুষ্ঠিত হবে বলে ঠিক হয়েছে, তা NY-এর কার্যকলাপ যতদিন পর্যন্ত স্থগিত ততদিন পর্যন্ত বিলম্বিত হবে।
- মূলত 2020 সালের মার্চ, এপ্রিল, মে বা জুন মাসের কোনো তারিখে সূচিত হওয়া যে গ্রাম বা শহরের নির্বাচনের সেই সময় ব্যালটপত্র সম্পূর্ণভাবে নির্ধারিত হয়ে গেছিল অথচ কার্যনির্বাহী আদেশের মাধ্যমে বিলম্বিত, সেগুলির ক্ষেত্রে এই সময় এই কার্যনির্বাহী আদেশ অনুযায়ী একই ব্যালটপত্র ব্যবহার করা যাবে যা আগের নির্বাচনে ব্যবহৃত হত, এবং যদি এই ধরনের ব্যালটপত্র ইতিমধ্যে মুদ্রিত হয়ে যায়, তাহলে সেই ব্যালটগুলিতে নির্বাচনের আসল তারিখ অন্য থাকলেও 15 সেপ্টেম্বর 2020 এর নির্বাচনে সেগুলি ব্যবহার করা যেতে পারে।
- নির্বাচন আইন বা গ্রামীন আইনের যেকোনো ব্যবস্থা এমনভাবে পরিচালনার জন্য পক্ষান্তরে প্রযোজ্য যাতে মার্চ, এপ্রিল, মে বা জুনে আয়োজিত কোনো নির্বাচন 2020 সালের 15ই সেপ্টেম্বর নির্বাচনের তারিখে প্রযোজ্য হয়।
- নির্বাচন আইনের 15-126 ধারা অনুযায়ী বা নির্বাচনী বোর্ডের প্রত্যয়ন অনুযায়ী গ্রামীন ক্লার্কের কাছে যত তাড়াতাড়ি পূর্ণ আলোচনার বিবৃতি (statement of canvass) দাখিল করা হবে ততই দ্রুত 15 সেপ্টেম্বর 2020 সালের পুনঃসূচিত নির্বাচনে নির্বাচিত গ্রামীন বা শহরের কর্মকর্তাগণ নিজ অফিস শুরু করবেন, এবং আসলে নির্ধারিত নির্বাচনে নির্বাচিত হলে যে সময়সীমা হতো সেই অনুযায়ীই এই ধরনের কর্মকর্তাদের অফিসের মেয়াদ নির্ধারিত হবে।
- কার্যনির্বাহী আদেশের মাধ্যমে অতীতে বিলম্বিত হওয়া এমন যে গ্রাম বা শহরের নির্বাচনের জন্য ব্যালটের অ্যাক্সেস সেই সময় স্থগিতকরণের জন্য সম্পূর্ণ হয়নি, সেগুলি 15 সেপ্টেম্বর, 2020-তে প্রযোজ্য ব্যালট অ্যাক্সেস ব্যবস্থার নিয়ম মেনে স্বতন্ত্রভাবে পরিচালিত হবে।

- নির্বাচন আইন § 9-209 অনুযায়ী, যদি না ভোটাররা পুনঃনির্ধারিত নির্বাচনে ভোট দিতে বা অন্য কোন ব্যালটের অনুরোধ না করে যিনি তাদের বাতিল এবং পুনঃনির্ধারিত নির্বাচনের জন্য অনুরোধ করেছিলেন সেই ভোটারের দ্বারা জমা দেওয়া অনুপস্থিত ব্যালটের অনুমতি প্রদান করা হল।
- নির্বাচন আইন §8-410 অনুযায়ী,নির্বাচন বোর্ডকে 1 জুলাই, 2020 এর আগে অনুষ্ঠিত নির্বাচনের জন্য এমন একটি ভোট ব্যবস্থা বজায় রাখতে হবে যেন যে ভোটাররা ব্যক্তিগত এবং স্বাধীনভাবে ব্যালট চিহ্নিত করতে চায় তা তাদের জন্য সহজপ্রাপ্য হয়; আর এই সেবাটা অবশ্যই তাদের ওয়েবসাইটে থাকতে হবে যাতে মানুষ এই সেবা সম্পর্কে জানে,
- নির্বাচন আইন § 16-108 অনুযায়ী, সুপ্রিম কোর্টের যেকোনো বিচারপতিকে নির্বাচনের দিন নির্বাচনী বিষয় শোনার এবং টেলিফোন বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে তা নির্ধারণ করার অনুমতি দেওয়া হলো।
- নির্বাচন আইন § 8-407 অনুযায়ী, নির্বাচন বোর্ডের পরিদর্শকরা শারীরিকভাবে অনুপস্থিত ব্যালট প্রদানের জন্য সুযোগ-সুবিধা পরিদর্শন করতে পারবেন না এবং তারা সেগুলো মেইল বা ব্যক্তিগত ডেলিভারির মাধ্যমে পাঠাতে পারবেন।
- নির্বাচন আইন § 5-204 অনুযায়ী, 2020 সালে ভোট সাইটে স্থানীয় বা ব্যক্তিগতভাবে নিবন্ধনের প্রয়োজনীয়তা দূর করার কথা বলা হয়েছে।
- জনস্বাস্থ্য আইন § 576-b(1) এবং 10 NYCRR 58-1.7, 58-1.9 অনুযায়ী ক্লিনিক্যাল ল্যাবগুলিকে কোন প্রেসক্রিপশন বা আদেশ ছাড়াই নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্ক সেবা ফ্যাসিলিটিজ কর্মীদের কাছ থেকে COVID-19 পরীক্ষার নমুনা গ্রহণ এবং পরীক্ষা করার অনুমতি দেওয়া হল এবং এই রিপোর্ট ফ্যাসিলিটিজের যথাযথ কর্মীর কাছে প্রেরণ করতে হবে; আর ফ্যাসিলিটিজ আবার চিকিৎসা এবং আইসোলেশন অর্ডারের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগে সেই পজিটিভের রিপোর্ট প্রেরণ করবেন।

- শিক্ষা আইন § 6530 অনুযায়ী, চিকিৎসকদের কোনো চিকিৎসক-রোগীর সম্পর্ক ছাড়াই COVID-19 পরীক্ষার জন্য স্ব-প্রণোদিত হয়ে নমুনা সংগ্রহের জন্য অনুমোদন দেওয়া হলো।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 21 জুলাই 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- স্বাস্থ্য কমিশনারের জারি করা কোন নিয়ম অথবা নির্দেশ মেনে চলতে ব্যর্থ হয়েছে বলে নির্ধারণ করা হলে তাহলে স্বাস্থ্য কমিশনার যে কোন দক্ষ্য নার্সিং ফেসিলিটি অথবা প্রাপ্তবয়স্ক পরিচর্যার ফেসিলিটির পরিচালন সার্টিফিকেট স্থগিত অথবা রদ করার জন্য অনুমোদিত অথবা তার বিপরিত কোন আইনের অনুবর্তী নন বলে নির্ধারণ করা হয় তাহলে কমিশনার পরিচালনা অব্যাহত রাখার জন্য একজন রিসিভারকে নিয়োগ করতে পারেন বর্তমান পরিচালককে 24 ঘন্টার বিজ্ঞপ্তি জারি করে যাতে করে নিউ ইয়র্ক রাজ্যের মানুষের জীবন, স্বাস্থ্য এবং নিরাপত্তা সুরক্ষিত করার জন্য।
- আগামী 23 জুন 2020 তারিখে অনুষ্ঠিত হতে যাওয়া স্টেট অ্যাসেম্বলি এবং স্টেট সিনেট বিশেষ নির্বাচন বাতিল করা হয়েছে এবং সাধারণ নির্বাচনে এই পদগুলি পূরণ করা হবে। কুইন্স বোরো প্রেসিডেন্টের অফিসের জন্য যে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে, তা এতদ্বারা বাতিল করা হল এবং সাধারণ নির্বাচনে এই পদ পূরণ করা হবে।
- 37টি ডিস্ট্রিক্টে সিটি কাউন্সিলের পদের জন্য যে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তা এতদ্বারা বাতিল করা হল এবং সাধারণ নির্বাচনে এই পদ পূরণ করা হবে।
- নির্বাহী আদেশে 202.13 এবং 202.12-এ উল্লিখিত জন্মদানকারী রোগীদের জন্য সহায়ক ব্যক্তি সংক্রান্ত নির্দেশ এতোদ্বারা সংশোধন করা হচ্ছে এই মর্মে যেখানে যে কোন আরটিকেল আঠাশের ফেলিসিটি, লাইসেন্সের শর্ত হিসেবে, যে কোন জন্মদানকারী রোগীকে প্রসববেদনার সময়, জন্মদানের সময় এবং রোগীর থাকার অবশিষ্ট সময়ে, একজন সহায়ক ব্যক্তির উপস্থিতিকে অনুমোদন করবে, যার কোন COVID-19 এর উপসর্গ নেই; এবং/অথবা একজন ডৌলা, যার COVID-19 এর কোন উপসর্গ নেই, তাকে প্রসববেদনার সময়, জন্মদানের সময় এবং রোগীর থাকার অবশিষ্ট সময়ে উপস্থিত থাকতে দেবে। একজন সহায়ক ব্যক্তির এবং/অথবা একজন ডৌলার উপস্থিতি কমিশনারের দ্বারা নির্ধারিত ব্যতিক্রমের অধীন হবে চিকিৎসাগত প্রয়োজনের জন্য।
- নির্বাহী আদেশ 202.10 -তে থাকা নির্দেশনাটি যা স্বাস্থ্য কমিশনারকে সকল সাধারণ হাসপাতালে, অম্বুলাটরি সার্জারি সেন্টারে, অফিস-ভিত্তিক সার্জারির অনুশীলন এবং ডায়াগনস্টিক এবং চিকিত্সা কেন্দ্রগুলিকে, রোগীদের বেডের সংখ্যা বৃদ্ধি করে, সব ঐচ্ছিক সার্জারি এবং প্রক্রিয়া বাতিল করা সহ, তা এতোদ্বারা সংশোধন করা হচ্ছে সাধারণ হাসপাতালগুলিকে ঐচ্ছিক সার্জারি এবং পদ্ধতি প্রক্রিয়া সম্পাদন করার অনুমোদন দেওয়ার জন্য যতক্ষণ তারা নিম্নলিখিত মানদণ্ড পূরণ করছেন: একটি কাউন্টির মধ্যে, মোট উপলব্ধ হাসপাতাল ইনপেশেন্ট ক্যাপাসিটি ত্রিশ শতাংশের উপর এবং মোট উপলব্ধ হাসপাতালের ICU ক্ষমতা ত্রিশ শতাংশের উপর এবং মোট পরিবর্তন, এপ্রিল 17 2020 থেকে এপ্রিল 27 2020 পর্যন্ত হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা যারা COVID-19 এর জন্য ইতিবাচক, দশের চেয়ে কম হয়; কাউন্টি মধ্যে প্রতিটি হাসপাতাল যা যোগ্যতার মানদণ্ড পূরণ করেছে, তাদের জন্য, উপলব্ধ হাসপাতাল ইনপেশেন্ট ক্যাপাসিটি ত্রিশ শতাংশের বেশি এবং উপলব্ধ হাসপাতালের ICU ক্যাপাসিটি ত্রিশ শতাংশ এবং মোট পরিবর্তন, এপ্রিল 17 2020 থেকে এপ্রিল 27 2020 পর্যন্ত হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা যারা COVID-19 এর জন্য ইতিবাচক, দশের চেয়ে কম হয় স্বাস্থ্য কমিশনার এই মানদণ্ড বাস্তবায়নের ক্ষেত্রে নির্দেশনা জারি করার জন্য অনুমোদিত। ঐচ্ছিক সার্জারি ও প্রক্রিয়াকরণ সম্পাদনের জন্য অনুমোদিত সাধারণ হাসপাতালগুলোকে অবশ্যই ন্যূনতমভাবে, কমিশনার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে স্বাস্থ্য দপ্তরকে সার্জারির সংখ্যা এবং ধরণ রিপোর্ট করতে হবে। যে সব সাধারণ হাসপাতাল যারা এই নির্দেশে উল্লিখিত ঐচ্ছিক সার্জারি এবং প্রক্রিয়া সম্পাদন করার মানদণ্ড পূরণ করেন না তারা এই নিষিদ্ধকরণ থেকে ছাড় চাইতে পারেন এমন একটি পরিকল্পনা জমা দিয়ে স্বাস্থ্য দপ্তরের কাছে, কমিশনারের সুপারিশকৃত পদ্ধতিতে, যার অন্তর্ভুক্ত, নূন্যতমভাবে, তাদের ফেসিলিটির ধারণ ক্ষমতা, শারীরিক কনফিগারেশন, সংক্রামক ব্যাধির প্রোটোকল এবং কর্মী মোতায়েন করার ক্ষমতা, কোন প্রযোজ্য কর্মসংস্থানের কষ্টের তথ্য যা কর্মীবলের কোন হ্রাস অন্তর্ভুক্ত করে, ফার্লো সহ, যা ঘটেছে সেই ফেসিলিটির ঐচ্ছিক

সার্জারি বা প্রক্রিয়া সম্পাদনের অক্ষমতার কারণে অথবা কর্মীবলে হ্রাস করার কারণে, যা অবিলম্বে হতে পারে সেই ফেসিলিটির ঐচ্ছিক সার্জারি অথবা প্রক্রিয়া সম্পাদনের অক্ষমতার ফলে। সাধারণ হাসপাতালগুলো রোগীদের জন্য কোনো ঐচ্ছিক সার্জারি বা প্রক্রিয়া সম্পাদন করবে না, যতক্ষণ পর্যন্ত না প্রতিটি রোগী একটি অনুমোদিত ডায়াগনস্টিক পরীক্ষার মাধ্যমে COVID-19 এর নেগিটিভ ফল লাভ করেছে, এবং হাসপাতাল ও রোগী কমিশনারের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রাক-অস্ত্রোপোচার এবং প্রাক-প্রক্রিয়াকরণ নির্দেশিকা মেনে চলেছে

- এমন কোনো ডিস্ট্রিক্ট বা বিশেষ ডিস্ট্রিক্ট, যা শুধু দমকল, গ্রন্থাগার, নর্দমা বা পানি ব্যবস্থাপনা ডিস্ট্রিক্টের মধ্যে সীমিত নয়, একটি নির্বাচন এবং/অথবা বাজেট ভোট পরিচালনা করলে, সেগুলি 15 সেপ্টেম্বর, 2020 তারিখে পুনঃসূচিত হবে এবং ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশের দ্বারা নির্ধারিত প্রক্রিয়া সাপেক্ষে, মনোনয়ন করা পিটিশন/আবেদনগুলির জন্য স্বাক্ষর সংগ্রহ এতদ্দ্বারা পরবর্তী বিজ্ঞপ্তি না আসা পর্যন্ত স্থগিত থাকবে; শর্তমতে যদিও, এই কার্যনির্বাহী আদেশ অনুযায়ী এই ধরনের নির্বাচন কোনো স্কুল ডিস্ট্রিক্ট ব্যবস্থাপনার অধীনস্থ হলে, একটি লাইব্রেরি ডিস্ট্রিক্ট 9 জুন, 2020 একটি নির্বাচনের ব্যবস্থা করতে পারে।
- নির্বাচনী আইনের 6-138 ধারা অনুযায়ী, যেকোনো অফিসের জন্য যেকোনো স্বতন্ত্র মনোনীত পিটিশন/আবেদনের সার্কুলেশন, দাখিল এবং সংগ্রহ যা অন্যভাবে নির্বাচনী আইন অনুযায়ী বা কার্যনির্বাহী আদেশ 202.13-তে প্রদান করা কোনো বিশেষ নির্বাচনের জন্য সার্কুলেট বা দাখিল করা হতো, তা পরবর্তী বিজ্ঞপ্তি না আসা পর্যন্ত ক্রমাগত মুলতবি থাকবে এবং ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশ সাপেক্ষ।
- 2020-র মার্চে মুলতবি হওয়া, বা 16 জুন, 2020 তারিখে নির্ধারিত হওয়া, বা 15 সেপ্টেম্বর, 2020 তারিখের আগে কোনো সময় সূচিত হওয়া যেকোনো গ্রাম বা শহরের নির্বাচনকে এতদ্দ্বারা 15 সেপ্টেম্বর 2020 তারিখের জন্য পুনঃসূচিত করা হলো।
- কার্যনির্বাহী আদেশ 202.23 সংশোধন করা হয়েছে যাতে এটি স্পষ্ট করা যায় যে সক্রিয় এবং/অথবা নিষ্ক্রিয় স্থিতি থাকা এমন যেকোনো ভোটদাতা 23শে জুন, 2020 তারিখে অনুষ্ঠিত হতে চলা কোনো প্রাথমিক (primary) বা বিশেষ (special) নির্বাচনে ভোটদানের যোগ্য, যিনি 23শে জুনের বিশেষ নির্বাচন বা প্রাথমিক নির্বাচনের জন্য টেলিফোনের মাধ্যমে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেছেন, তাকে ডাক মাশুলে পরিশোধিত ফেরৎ পাঠানোর থাম সমেত একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট পাঠানো হবে: শর্তমতে যদিও প্রত্যেক ভোটদাতাকে একটি ব্যালটের বেশি পাঠানো হবে না, এবং ব্যালট পাওয়া আগে বা পাওয়ার সময় পাশাপাশি আবেদনপত্র সম্পূর্ণ করার আবশ্যকতা নেই। উপরন্তু, নির্বাচনী বোর্ড টেলিফোনের মাধ্যমে কোনো অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ পেলে সেই অনুরোধগুলির একটি রেকর্ড বজায় রাখবে এবং ভোটদাতাদের অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধের তরফ থেকে এই ধরনের রেকর্ডের হিসাবে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন সম্পূর্ণ করবে, তবে কোনো কারণবশত কোনো ব্যালট অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন সম্পূর্ণ না হওয়ার ঘাটতির জন্য অবৈধ হিসাবে গণ্য হতে পারবে না।
- যে কোন আইনের কোন স্থগিতাদেশ বা পরিবর্তন যা নির্বাহী আদেশে 202-এ স্থগিত করা হয়েছে, অথবা যা এর পরে কোন সংশোধিত বা সংশোধিত নির্বাহী আদেশে জারি করা হয়েছে, যা একটি চালু নিউ ইয়র্ক স্টেট লাইসেন্স বা নিবন্ধন ছাড়া একটি পেশার অনুশীলনের জন্য অনুমতি দিয়েছে, যার অন্তর্ভুক্ত কিন্তু সেই সকল ব্যক্তির মধ্যে সীমাবদ্ধ নয়, যারা অন্য কোন রাষ্ট্রে বা কানাডায় লাইসেন্সকৃত, এতোদ্বারা সেই পেশাদারদের প্রতি ত্রিশ দিনের সময়কালের জন্য প্রসারিত যাতে সেই পেশাদাররা তাদের পরিষেবা প্রদান করার জন্য সক্ষম হন যা রাজ্যের COVID-19 এর প্রতি প্রতিক্রিয়ার জন্য প্রয়োজন।
- ট্যাক্সেশন এবং ফিন্যান্স কমিশনারের ট্যাক্স আইনের সেকশন 1145 ধারা মোতাবেক দেরিতে নথিভুক্তকরণ এবং পরিশোধের জন্য পেনাল্টি খর্ব করা হলো এবং সুদ ও পেনাল্টি কমানোর সময়কাল ট্যাক্স প্রদানকারীদের জন্য আরও 100 দিন বাড়ানো হলো যাদের 20 মার্চ, 2020 এর মধ্যে রিটার্ন নথিভুক্তকরণ, বিক্রয় হ্রাস এবং ট্যাক্স ব্যবহারের প্রয়োজন ছিল, যা 29 ফেব্রুয়ারির, 2020 এ সেলস ট্যাক্স চতুর্থ মাসিক হিসাবের ভিতরে অন্তর্ভুক্ত।
- স্টেটের রেসট্রাকের যেকোনো লাইসেন্সধারী বা ফ্রানসাইজি 1 জুন, 2020 পর্যন্ত এই সকল রেসট্রাক চালাতে পারবে, তবে শর্ত থাকে যে, কোনো দর্শনার্থী বা ভক্ত এই ফ্যাসিলিটিতে প্রবেশ করতে পারবে না, শুধু অত্যাবশ্যক ব্যক্তিকে এই সাইটে প্রবেশের অনুমতি দেওয়া হবে; এবং আরও শর্ত থাকে যে, রেসট্রাকের এই সকল লাইসেন্সধারী বা ফ্রানসাইজি, এবং সকল

অত্যাবশ্যক ব্যক্তিকে স্বাস্থ্য দপ্তর (Department of Health) এবং/অথবা গেমিং কমিশনের দিক-নির্দেশনা মেনে চলতে হবে।

আমার স্বহস্তে স্বাক্ষরিত এবং অ্যালবেনি শহরে স্টেটের
নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ
সালের জুন মাসের একবিংশতম দিনে
এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব